তুমি কি কেবলই ছবি, শুধু পটে লিখা ।
ওই-যে সুদূর নীহারিকা
যারা করে আছে ভিড় আকাশের নীড়,
ওই যারা দিনরাত্রি
আলো হাতে চলিয়াছে আঁধারের যাত্রী গ্রহ তারা রবি,
তুমি কি তাদের মতো সত্য নও ।
হায় ছবি, তুমি শুধু ছবি ॥
নয়নসমুখে তুমি নাই,
নয়নের মাঝখানে নিয়েছ যে ঠাঁই— আজি তাই
শ্যামলে শ্যামল তুমি, নীলিমায় নীল ।
আমার নিখিল তোমাতে পেয়েছে তার অন্তরের মিল ।
নাহি জানি, কেহ নাহি জানে—
তব সুর বাজে মোর গানে,
কবির অন্তরে তুমি কবি—
নও ছবি, নও ছবি, নও শুধু ছবি ॥

---

Parjaay: Bichitro, Taal: Kaharwa, Raag: Kanara
Visit www.geetabitan.com for notation and other detail